35

তারিখ 28 DEC 1998
পৃষ্ঠা 6 কলাম 3

# ভোরের কাগজ

## কম্পিউটারবিষয়ক জিজ্ঞাসা

শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষা ছাড়া কোনো মানুষ যেমন চলতে পারে না, তেমনি প্রযুক্তির বলয়ে কম্পিউটার ছাড়া চলা অন্ধের পথ চলারই শামিল। তাই একুশ শতকের মুখোমুখি দাঁড়িয়ে বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা একান্ত প্রয়োজন।

একজন চিকিৎসক যেমন দৈহিক, মানসিক তথা নানা সমস্যার সমাধান দিয়ে থাকেন, তেমনি একজন কম্পিউটার প্রকৌশলী অর্থাৎ কম্পিউটার বিশেষজ্ঞ দিতে পারেন কম্পিউটারবিষয়ক নানা সমস্যার সমাধান। আমাদের বাংলাদেশ একটি দরিদ্র উন্নয়নশীল দেশ। যেখানে অতি অল্পসংখ্যক মানুষ যারা উচ্চ শিক্ষা অর্জন করার সুযোগ পায়, সেখানে উন্নত প্রযুক্তির ফসল কম্পিউটার ব্যবহারকারীর সংখ্যা হাতে গণনা করা যাবে বললে ভুল হবে না। যদিও বর্তমান সরকার ও কম্পিউটার এর সহিত জড়িত বিশিষ্ট কিছু ব্যক্তি এবং সংগঠনের প্রচেষ্টায় কম্পিউটার ব্যবহারকারীর সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। তথাপি আমাদের দেশে অতি অল্পসংখ্যক কম্পিউটার ব্যবহারকারী ব্যক্তিগতভাবে কম্পিউটার ক্রয় করে তা ব্যবহার করার সুযোগ পেয়ে থাকেন।

আশার কথা, সম্প্রতি সরকারের যুগান্তকারী পদক্ষেপ নেওয়ার কারণে কম্পিউটারের মূল্য হ্রাস পাওয়ায় শহর থেকে গ্রাম পর্যায়ে কম্পিউটার দ্রুত ছড়িয়ে পড়ছে। কম্পিউটার ব্যবহারকারীর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সেই সঙ্গে কম্পিউটার ব্যবহারকারীরা (Hardware & Software) এর নানা সমস্যার সম্মুখীন হচ্ছে।

আমি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে (Diploma in Computer Application) কোর্সের একজন ছাত্র। যেহেতু আমরা অনেকে গ্রামে বাস করি সেহেতু কাছাকাছি কোনো কম্পিউটার বিশেষজ্ঞ না থাকায় জটিল সমস্যার সমাধান করা খুবই কষ্টসাধ্য, ব্যয়বহুল ও সময়সাপেক্ষ হচ্ছে।

তাই ভোরের কাগজ সম্পাদকের কাছে সনির্বন্ধ অনুরোধ করছি, কম্পিউটার ব্যবহারকারীদের পাঠানো প্রশ্নের সমাধানবিষয়ক পর্ব অন্তত সাপ্তাহিকভাবে যেন প্রকাশ করা হয়। তাহলে মহানগর থেকে প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত কম্পিউটার ব্যবহারকারীরা উপকৃত হবেন এবং কম্পিউটার শিক্ষার পথ সুগম হবে।

সুব্রত কুমার সরকার
ক্রিয়েটিভ কম্পিউটার্স
গ্রাম+পোঃ-আড়ানী, থানা-বাঘা,
জেলা- রাজশাহী।